

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

মূল্য সংযোজন কর

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাহ/০৬ই, জুন, ২০০২ খ্রিঃ

এস.আর.ও নং-১২১-আইন/২০০২/৩৪৬-মুসক ১- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪কক) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৭ শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাহ/০৬ই, জুন, ১৯৯৯ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও, নং-১৪৭-আইন/৯৯/২২৬-মুসক রহিতক্রমে, সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এমজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানী কর্তৃক সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও সরকারী টেন্ডারীতে জমা প্রদানের উদ্দেশ্যে উক্ত আইনের অধীন নির্ধারিত টেন্ডারের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ও উহার বিপরীতে কলাম (২) তে উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবা সমূহ নির্ধারণ করিল, যথাঃ-

টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবা প্রদানকারী
(১)	(২)	(৩)
S০০৩	S০০৩.১০	মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ
	S০০৩.২০	ডকইয়ার্ড
S০০৪	S০০৪.০০	নির্মাণ সংস্থা
S০০৮	S০০৮.১০	ছাপাখানা
S০১৪	S০১৪.০০	ইন্ডেন্টিং সংস্থা
S০২০	S০২০.০০	জরীপ সংস্থা
S০৩২	S০৩২.০০	কনসালটেন্সী ফার্ম ও সুপারভাইজারী ফার্ম
S০৩৩	S০৩৩.০০	ইজারাদার
S০৩৭	S০৩৭.০০	যোগানদার (Procurement Provider)
S০৪৮	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার
S০৪৯	S০৪৯.০০	যানবাহন ভাড়া প্রদানকারী
S০৫৩	S০৫৩.০০	বোর্ড সভায় যোগানদার
S০৫৬	S০৫৬.০০	ব্যাংকিং সেবা প্রদানকারী

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[স্বাক্ষরিত আবেদন]

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)